গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.mocat.gov.bd

বিষয়: **২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের** লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের **(Stakeholder) অংশগ্রহণ সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ মহিবুল হক
সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সভার তারিখ : ১৫.০৯.২০২০ খ্রি.
সময় : বেলা ০৩:০০ টা
স্থান : ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট-ক**-এ সন্নিবেশিত।

এ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণ সংক্রান্ত ১ম সভা এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মহিবুল হক-এর সভাপতিত্বে গত ১৫.০৯.২০২০ খ্রি. তারিখ বেলা ০৩:০০ টায় ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে সভায় অংশগ্রহণকৃত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জনাব এ. এইচ. এম. গোলাম কিবরিয়া ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি জানান, এ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অনুচ্ছেদ-২.১ অনুযায়ী প্রতি কোয়ার্টারে ০১ (এক) টি করে সর্বমোট ০৪ (চার) টি সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে।

০৩। পরবর্তীতে যুগ্মসচিব (প্রশাসন) জনাব এ. এইচ. এম. গোলাম কিবরিয়া এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২০১৯-২০ অর্থবছরের গত ১৯.০৩.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত অংশীজন (Stakeholder) সভায় নিম্নবর্ণিত ০৪ (চার) টি সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন।

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| (ক) | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ণের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অনলাইনে ট্রাভেল এজেন্সির নবায়নের আবেদন, নতুন লাইসেন্স প্রদান ইত্যাদি বিষয় নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে; | উক্ত প্রশিক্ষণ কর্মশালা ইতোমধ্যে পর্যটন-৩ শাখা হতে আয়োজন করা হয়েছে; |
| (খ) | হোটেলগুলোকে নিবন্ধনের আওতায় আনতে হবে এবং নিবন্ধনকৃত হোটেলগুলোকে মন্ত্রণালয় থেকে প্রতিমাসে তদারকির ব্যবস্থা করতে হবে; | ইতোমধ্যে তিন তারকা হতে পাঁচ তারকা মানের হোটেলগুলোকে পরিদর্শনপূর্বক নবায়ন লাইসেন্স প্রদান করা হয়েছে। একইসাথে তিন তারকা হতে পাঁচ তারকামানের হোটেলগুলোকে এ মন্ত্রণালয় হতে নিয়মিত তদারকি করা হচ্ছে। এক ও দুই তারকামানের হোটেলগুলো জেলা প্রশাসন হতে পরিদর্শনপূর্বক প্রেরিত তদারকি প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রণালয়ে পর্যালোচনা করা হচ্ছে। |
| (গ) | বাংলাদেশের সকল জেলা ও উপজেলাওয়ারী হোটেলের তথ্য সংগ্রহপূর্বক ডেটাবেজ তৈরি করতে হবে; | বাংলাদেশের সকল জেলাওয়ারী এক ও দুই তারকা মানের হোটেলের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং উপজেলাওয়ারী এক তারকা ও দুই তারকামানের হোটেলের তথ্য জেলা প্রশাসনের নিকট হতে চাওয়া হয়েছে কিন্তু COVID-19 এর কারণে জেলা প্রশাসকের কার্যালয় থেকে তা প্রেরণ করা সম্ভব হয়নি তবে পরবর্তী সভায় তা সম্ভব হবে মর্মে অতিরিক্ত সচিব (হোটেল ও রেস্তোরা সেল ও আইন) জনাব মিজানুর রহমান অদ্য সভায় অবহিত করেন। |
| (ঘ) | বিদ্যমান নিয়োগবিধির আলোকে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডসহ অন্যান্য পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে চাকরি ক্ষেত্রে অগ্রাধিকার প্রদানের বিষয়ে একটি অবস্থানপত্র প্রস্তুতের জন্য ট্যুরিজম এন্ড হসপিটালিটি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হবে। | অবস্থানপত্র প্রস্তুতের জন্য ট্যুরিজম এন্ড হসপিটালিটি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এ পত্র প্রেরণ করা হয়েছে। |

অপরপৃষ্ঠা সদয়দ্রষ্টব্য

০৪। আলোচনার এ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণ সংক্রান্ত ১ম সভার আলোচ্যসূচি অনুযায়ী যুগ্মসচিব প্রশাসন জানান যে, গত ২০১৯-২০ অর্থবছরে এ মন্ত্রণালয়ের অনলাইনে ট্রাভেল এজেন্সির নিবন্ধন/নবায়ন আবেদন গ্রহণ, লাইসেন্স প্রদান ও এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পূর্বের যে কোন অর্থবছরের থেকে সফলভাবে কার্যক্রম সম্পন্ন হয়েছ। গত ২০১৯-২০ অর্থবছরে অনলাইনে গ্রহণকৃত ট্রাভেল এজেন্সির নিবন্ধন লাইসেন্স প্রদানের আবেদন শতকরা ৮৭.১৫% এবং নবায়নের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে শতকরা ৯৭% অর্জিত হয়েছে। ২০২০-২১ অর্থবছরে ১ম কোয়ার্টারে COVID-19 এর মধ্যে অনলাইনে গ্রহণকৃত ট্রাভেল এজেন্সির নিবন্ধন আবেদন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে শতকরা ৬৪% এবং নবায়নের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে শতকরা ৮০% অর্জিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

০৫। আলোচনার এ পর্যায়ে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান জানান বিমানবন্দরে বিভিন্ন দেশ/বিদেশে যাতায়াতকারী কিছু যাত্রী কমপ্লেইন করেছে যে বেশ কিছু ট্রাভেল এজেন্সি বিমানের টিকিটের মূল্য তাদের কাছ থেকে নির্ধারিত মূল্যের চেয়ে বেশি নিয়েছে। তিনি এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ জ্ঞাপন করেন। এ প্রেক্ষিতে যুগ্মসচিব (প্রশাসন) ও ট্রাভেল এজেন্সির নিবন্ধন কর্তৃপক্ষ জানান যে, এ বিষয়ে মন্ত্রণালয়ে প্রাপ্ত লিখিত অভিযোগগুলো খতিয়ে দেখা হচ্ছে।

০৬। সভায় সকল ট্রাভেল এজেন্সিগুলোকে বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ অনুযায়ী তাদের আওতার বাহিরে কোন কার্যক্রম পরিচালনা করতে পারবেনা মর্মে সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মোকাব্বির হোসেন জানান যে, শেয়ার ট্রিপ নামে একটি ট্রাভেল এজেন্সি ২৫% কমে বিমানের টিকিট বিক্রি করে থাকে। সিনিয়র সচিব মহোদয় এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, অতিরিক্ত সচিব (আইন ও হোরেসেল) জানান যে, অনলাইনে ট্রাভেল এজেন্সির নিবন্ধন/নবায়ন আবেদন গ্রহণের ন্যায় আপীলের শুনানীর তারিখ নিয়ে জটিলতার বিষয়টি আরো সহজীকরণের জন্য আপীলের আবেদন অনলাইনে গ্রহণের বিষয়টি ট্রাভেল এজেন্সি সফটওয়্যারে অন্তর্ভূক্তির জন্য পরামর্শ প্রদান করেন।

০৭। যুগ্মসচিব (সিএ) জনাব জনেন্দ্র নাথ সরকার জানান যে, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে বাংলাদেশের সকল জেলা ও উপজেলাওয়ারী হোটেলের লাইসেন্স প্রদান ও হোটেলগুলোর সার্বিক বিষয়ে সকল জেলার প্রশাসকগণের সাথে মত বিনিময় সভা আহ্বানের পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, এ মন্ত্রণালয়ের হোটেল ও রেস্তোঁরা সেল বছরে ৪ মাস অন্তর অন্তর ০৮ (আট) টি বিভাগের বিভিন্ন জেলার জেলা প্রশাসকগণের সাথে সমন্বয় করে হোটেলের লাইসেন্স প্রদান, স্বাস্থ্যসম্মতভাবে হোটেল পরিচালনাকরণসহ সার্বিক বিষয়ে হালনাগদকরণ তথ্য প্রদানের নিমিত্ত মত বিনিময় সভা আহ্বান করবে

০৮। যুগ্মসচিব (পর্যটন) ড. মল্লিক আনোয়ার হোসেন জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত সভায় জেলা প্রশাসকগণ প্রতিটি জেলায় একটি করে পর্যটন সেল রাখার বিষয়ে প্রস্তাব প্রদান করেন। জেলা প্রশাসকের কার্যালয়ের সাধারণ শাখাকে ভাগ করে পর্যটন, পরিবেশ ও হোটেল ব্যবস্থাপনা শাখা করার বিষয়ে জেলা প্রশাসকগণ মন্ত্রিপরিষদ বিভাগের সভায় প্রস্তাব করেছেন মর্মেও তিনি সভাকে অবহিত করেন।

০৯। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে এ মন্ত্রণালয়ের হোটেল ও রেস্তোঁরা সেল বছরে ৪ মাস অন্তর অন্তর ০৮ (আট) টি বিভাগের সাথে সমন্বয় করে ঐ বিভাগের প্রতিটি জেলার জেলা প্রশাসকগণের সাথে হোটেলের লাইসেন্স প্রদান, স্বাস্থ্যসম্মতভাবে হোটেল পরিচালনাকরণসহ সার্বিক বিষয়ে হালনাগদকরণ তথ্য প্রদানের নিমিত্ত মত বিনিময় সভা আহ্বান করবে; এবং

(খ) "শেয়ার ট্রিপ" নামক ট্রাভেল এজেন্সিসহ অন্যান্য যে সকল ট্রাভেল এজেন্সি সরকার নির্ধারিত টিকিটের চেয়ে কম মূল্যে বিমানের টিকিটি বিক্রয় করে সে বিষয়টি খতিয়ে দেখতে হবে।

১০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০.০৯.২০২০ খ্রি.
(মোঃ মহিবুল হক)
সিনিয়র সচিব

নম্বর-৩০.০০.০০০০.০১০.১৬.০০৪.২০-৪৯১ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২০ খ্রি:/০৬ আশ্বিন ১৪২৭ ব:

সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি এসাথে প্রেরণ করা হলো:

০১। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, ৮৩-৮৮, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ১, মিন্টো রোড, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, কাওরান বাজার, ঢাকা।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ১, মিন্টো রোড, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
০৮। যুগ্মসচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, বাড়ি-৩২, রোড-০১, ব্লক-এ, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯।
১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপসচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। বিভাগীয় প্রধান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সভাপতি, এভিয়েশন অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশ, ২ বীর উত্তম জিয়াউর রহমান রোড (নিউ এয়ারপোর্ট রোড), বনানী, ঢাকা।
১৫। সভাপতি, বাংলাদেশ ইন্টারন্যাশনাল হোটেল এসোসিয়েশন, হাউজ-২৫, রোড-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ইউ এস বাংলা এয়ারলাইন্স লি:,বাড়ি-৭৭, সোহরাওয়ার্দী এভিনিউ,বারিধারা ডিপ্লোমেটিক জোন,ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, রিজেন্ট এয়ারওয়েজ লি:, সিয়াম টাওয়ার, প্লট-১৫,লেভেল-৭, সেক্টর-৩, উত্তরা মডেল টাউন, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, নভো এয়ার লিমিটেড, বাড়ি-৫০ (৪র্থ তলা), রোড-১১, ব্লক-এফ, বনানী, ঢাকা।
১৯। সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস্ অব বাংলাদেশ (আটাব), সাত্তারা সেন্টার, ১৬তম তলা, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
২০। সভাপতি, ট্যুর অপারেটর এসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব), ৫/৮, মনিপুরিপাড়া, সংসদ এভিনিউ, ঢাকা।

(মোঃ মাহবুবুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৮৩৫
admin1@mocat.gov.bd